

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

### আরবী

عَن عَائِشَة قَالَتْ: كُنْتُ أَنَامُ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرِجْلَايَ فِي قِبْلَتِهِ فَإِذَا سَجَدَ غَمَزَنِي فَقَبَضْتُ رِجْلِيَ وَإِذَا قَامَ بَسَطْتُهُمَا قَالَتْ: وَالْبُيُوتُ يَوْمَئِذٍ لَيْسَ فِيهَا مَصَابِيحُ

#### বাংলা

৭৮৬-[১৫] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে ঘুমাতাম। আর আমার দু' পা থাকতো তাঁর কিবলা (কিবলা/কেবলা)র দিকে। তিনি যখন সিজদা্ (সিজদা/সেজদা) দিতেন আমাকে টোকা দিতেন। আমি আমার পা দু'টি গুটিয়ে নিতাম। তারপর তিনি দাঁড়িয়ে গেলে আমি আমার দু' পা লম্বা করে দিতাম। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, সে সময় ঘরে আলো থাকতো না। (বুখারী ও মুসলিম)[1]

## ফটনোট

[1] সহীহ: বুখারী ৩৮২, মুসলিম ৫১২, নাসায়ী ১৬৮, আহমাদ ২৫১৪৮, সহীহ ইবনু হিব্বান ২৩৪২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদায় যাওয়ার সময় 'আয়িশাহ্ (রাঃ)-কে হাত দ্বারা নাড়া দিতেন যাতে তিনি সিজদা (সিজদা/সেজদা) করতে পারেন। কারণ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রে যখন তাহাজ্জুদের সালাত আদায় করতেন তখন 'আয়িশাহ্ (রাঃ) পা লম্বা করে শুয়ে থাকতেন, তিনি পা না সরালে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদা (সিজদা/সেজদা) করতে পারতেন না।

আয়িশাহ্ (রাঃ)-এর উক্তি, "ঘরে কোন বাতি ছিল না", অর্থাৎ- ঐ সময় ঘরে অন্ধকার বিরাজ করতো যার কারণে তিনি দেখতে পেতেন না, কখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদায় যাচ্ছেন। এ হাদীস দ্বারা প্রমাণ পাওয়া যায় যে, ছোট-খাটো কাজ সালাত নষ্ট করে না। ঘুমন্ত ব্যক্তিকে সামনে রেখে সালাত আদায় করাও অপছন্দনীয় নয়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন